গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিবীক্ষণ ও বাস্তবায়ন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

আসন্ন সম্ভাব্য বন্যা পরিস্থিতি ও নদী ভাঙনে ক্ষয়ক্ষতি মোকাবেলায় করণীয় বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২২ জুন, ২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান	পানি ভবনের সম্মেলন কক্ষ (৭২ গ্রীন রোড, ঢাকা)
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার পটভূমি তুলে ধরে বলেন, সাম্প্রতিক সময়কালে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও উত্তর-পশ্চিমাঞ্চল ১৯৮৭, ১৯৮৮, ১৯৯৮, ২০০৪, ২০০৭ সালের মত ভয়াবহ বন্যা ও প্রায়শঃ আকস্মিক বন্যার সম্মুখীন হচ্ছে। ফলে এ এলাকাসমূহে বিপুল পরিমাণ ভৌত ও আর্থিক ক্ষয়ক্ষতিসহ সাধারণ মানুষ প্রতিনিয়ত সীমাহীন দুর্ভোগের শিকার হচ্ছে। আসন্ন সম্ভাব্য বন্যা পরিস্থিতি, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ এবং বন্যা মোকাবিলায় করণীয় সংক্রান্ত সভায় বন্যা নিয়ন্ত্রণ বাঁধগুলোর জরুরি মেরামতসহ সার্বিক প্রস্তুতির উপর গুরুত্বারোপ করেন।

২। সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	**কার্যক্রম**	**সিদ্ধান্তসমূহ**	**বাস্তবায়নকারী**
১	ঝুঁকিপূর্ণ বাঁধ চিহ্নিতকরণ ও মেরামতকরণ	১.১) ভাঙনের ঝুঁকি রয়েছে এমন স্থানগুলো চিহ্নিত করে তার সীমানা নির্ধারণ করতে হবে যাতে দুর্যোগপ্রবণ এলাকার মানুষ তাদের মূল্যবান জিনিসপত্র নিরাপদ স্থানে সরিয়ে নিতে পারে। ১.২) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীগণ তাদের স্ব স্ব অধিক্ষেত্রাধীন ঝুঁকিপূর্ণ স্থান/ বাঁধসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে দ্রুত অবহিত করবেন। ১.৩) সকল জরুরি কাজ সম্পাদনকালীন	মহাপরিচালক/এডিজি (পূর্বাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (মনিটরিং)/ সকল নির্বাহী প্রকৌশলী, বাপাউবো

		উক্ত কাজের ভিডিও করতে হবে এবং মাঠ পর্যায়ে দায়িত্ব পালনকালীন প্রধান প্রকৌশলী থেকে কার্য সহকারী পর্যন্ত সকলকে নির্ধারিত ডিজাইনের ইউনিফর্ম পরিধান করতে হবে।	
২	পানি সম্পদ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম স্থাপন	২.১) বন্যা পরিস্থিতির সার্বক্ষণিক পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ও উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টিগোচরে আনয়নের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে। কন্ট্রোল রুম সকাল ৯.০০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত খোলা থাকবে। ২.২) বন্যা বা নদী ভাঙনে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন কোন বাঁধ বা স্থাপনা ক্ষতিগ্রস্ত হলে অথবা ভেঙে গেলে জরুরি ভিত্তিতে কন্ট্রোল রুমের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।	পানি সম্পদ মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ের সকল নির্বাহী প্রকৌশলী, বাপাউবো
৩	জেলা প্রশাসনের সাথে সমন্বয়	৩.১) বন্যাজনিত কারণে বাঁধ বা স্থাপনার ক্ষয়ক্ষতির খবর পাওয়ার সাথে সাথে বিষয়টি জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও জেলা প্রশাসককে অবহিত করতে হবে এবং সার্বক্ষণিক সমন্বয় বজায় রাখতে হবে। বাপাউবো সম্ভব হলে স্পীটবোট দিয়ে জেলা প্রশাসনকে সহায়তা করবে।	সকল নির্বাহী প্রকৌশলী, বাপাউবো
৪	বন্যার সময় মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের ছুটি বাতিল	৪.১) বন্যা ও নদী ভাঙন মুহূর্তে বাপাউবো'র সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণ তাদের অধিক্ষেত্রে অবস্থান করবেন। বাপাউবো এ বিষয়ে প্রয়োজনীয় আদেশ জারী করবে।	মহাপরিচালক/এডিজি (পূর্বাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (মনিটরিং)
৫	গুরুত্বপূর্ণ স্থাপনা	৫.১) নদী ভাঙনজনিত জরুরি কাজের ক্ষেত্রে	মহাপরিচালক/এডিজি

	রক্ষা	গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন- আশ্রয়ন প্রকল্প, মসজিদ, মন্দির, স্কুল-কলেজ-মাদ্রাসা, হাসপাতাল, ঘনবসতিপূর্ণ বসতি বা গ্রাম অগ্রাধিকার দিয়ে রক্ষা করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা বাপাউবো'র সদর দপ্তর থেকে জারী করতে হবে।	(পূর্বাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (মনিটরিং)/ সকল নির্বাহী প্রকৌশলী, বাপাউবো
৬	জিও ব্যাগ মজুদের হালনাগাদ তথ্য	৬.১) জরুরি মেরামত কাজের জন্য প্রয়োজনীয় জিও ব্যাগ, বালি, শ্রমিক ও অন্যান্য প্রয়োজনীয় উপকরণ ভাঙনের পূর্ব থেকেই মজুদ রাখতে হবে। ৬.২) জিও ব্যাগের জরুরি মজুত ও তার হালনাগাদ তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে।	মহাপরিচালক/ প্রধান প্রকৌশলী (মনিটরিং)
৭	সিসি ব্লক প্লেসিং এর কাজ	৭.১) বন্যাকালীন সময়ে চলমান উন্নয়ন প্রকল্পের আওতায় সিসি ব্লক প্রস্তুত করা যাবে, কিন্তু প্লেসিং ও ডাম্পিং এর কাজ স্থগিত রাখতে হবে।	এডিজি (পূর্বাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ পরিকল্পনা)/ প্রধান প্রকৌশলী (মনিটরিং)/ সকল নির্বাহী প্রকৌশলী, বাপাউবো
৮	বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ তথ্য প্রেরণ	৯.১) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণের জরুরি তথ্য বাপাউবো'র স্থানীয় প্রকৌশলীগণের নিকট নিয়মিত প্রেরণ করতে হবে। ৯.২) সংশ্লিষ্ট সকল অধিদপ্তর/ সংস্থা/ জেলা প্রশাসনকে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণের জরুরি তথ্য নিয়মিত অবহিত করতে হবে।	মহাপরিচালক/প্রধান প্রকৌশলী (হাইড্রোলজি)

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৫১.৯৯.০০৩.১৯.১৮৮
তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৫) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৬) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৭) যুগ্মসচিব, যুগ্ম-সচিব উন্নয়ন-১ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৩) অতিরিক্ত মহাপরিচালক(অর্থ), অর্থ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
১৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী, (কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) প্রধান প্রকৌশলী (ডিজাইন/ যান্ত্রিক/ হাইড্রোলজি/ ড্রেজার), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৯) নির্বাহী প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২০) নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২১) প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

মোঃ মমিনুর রহমান
উপসচিব